# বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR
www: brur.ac.bd


স্মারক নম্বর- বেরোবি/ রেজিঃ/ শিক্ষক নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২৩/ ১১২৩

তারিখ : ৩০ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ / ১৪ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

## বিজ্ঞাপিত পদে আবেদনের শর্তাবলী

| | |
|---|---|
| প্রভাষক | ১. প্রার্থীদেরকে সংশ্লিষ্ট বিভাগে (সংশ্লিষ্ট বিভাগ বলতে যে বিভাগের জন্য শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে শুধুমাত্র সেই বিভাগ হতে স্নাতক(সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে) ০৪(চার) বৎসর মেয়াদি স্নাতক(সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। এক্ষেত্রে একাউন্টিং এন্ড ইনফমেশন সিস্টেমস্ এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের ক্ষেত্রে একাউন্টিং এন্ড ইনফমেশন সিস্টেমস্ এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস্ বিভাগে বিবিএ ও এমবিএ ডিগ্রিধারী হতে হবে।<br>২. সংশ্লিষ্ট অনুষদভূক্ত প্রার্থীদেরকে-<br>ক) বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/প্রকৌশল ও প্রযুক্তি/ বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>খ) মানবিক অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে যে-কোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে। |
| সহকারী অধ্যাপক | ১. প্রার্থীদেরকে সংশ্লিষ্ট বিভাগে (সংশ্লিষ্ট বিভাগ বলতে বাংলা বিভাগ হতে স্নাতক(সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে) ০৪(চার) বৎসর মেয়াদি স্নাতক(সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে।<br>২. প্রার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে যে-কোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে।<br>৩. স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩(তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪. এমফিল/সমমানের ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২(দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫. পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১(এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬. স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ০৩(তিন)টি প্রকাশনা থাকতে হবে তার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ১(এক) টি প্রকাশনা থাকতে হবে। |
| সহযোগী অধ্যাপক | ১. প্রার্থীদেরকে সংশ্লিষ্ট বিভাগে (সংশ্লিষ্ট বিভাগ বলতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ হতে স্নাতক(সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে) ০৪(চার) বৎসর মেয়াদি স্নাতক(সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে।<br>২. প্রার্থীদেরকে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>৩. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৭(সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১২(বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪. এমফিল/ সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬(ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ০৯(নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪(চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭(সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) সর্বমোট ন্যূনতম ০৬(ছয়)টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩(তিন)টি প্রকাশনা থাকতে হবে: যার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ২(দুই) টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১(এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/ ইনডেক্স জার্নালে প্রকাশিত হতে হবে। |

| | |
|---|---|
| ১ | অপ্রকাশিত প্রকাশনা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। স্বীকৃত জার্নাল বলতে Peer Reviewed জার্নাল বুঝাবে। মানসম্মত Website/Electronic জার্নালে প্রকাশিত প্রকাশনা ছাড়া অন্য Website এর প্রকাশনা গ্রহণযোগ্য হবে না। |
| ২ | প্রার্থীদেরকে আবেদন ফরমের সঙ্গে (ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্তৃক সত্যায়িত) (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি প্রতি সেট আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে (ঘ) সহযোগী অধ্যাপক পদের জন্য ১৪(চৌদ্দ) সেট এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ০৯ (নয়) সেট আবেদন ফরম জমা দিতে হবে।। |
| ৩ | চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। |
| ৪ | প্রার্থীদেরকে পদ ও বিভাগের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে। |
| ৫ | প্রার্থীদের যোগাযোগের ঠিকানা সম্বলিত ০৭/-(সাত) টাকার ডাক টিকিট সংযুক্ত ২৪X১১সেঃমিঃ/১০X ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদন ফরমের সাথে দিতে হবে। |
| ৬ | প্রাপ্ত আবেদন ফরমসমূহ বাছাইয়ের পর প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদেরকে সাক্ষাৎকার অথবা লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। এ জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। |
| ৭ | ত্রুটিপূর্ণ (রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষর ব্যতীত)/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন ফরম (গ্রহণের শেষ তারিখের পর) গ্রহণ করা হবে না। |
| ৮ | বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন ফরম ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে। |

১৪-০৮-২০২৩


প্রকৌশলী মোহাম্মদ আলমগীর চৌধুরী
রেজিস্ট্রার
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।
ই-মেইল: registrar@brur.ac.bd